# WIDA Screener কী?

WIDA Screener হলো একটি পরীক্ষা যা শিক্ষকদের শনাক্ত করতে সাহায্য করে যে কিন্ডারগার্টেন থেকে দ্বাদশ শ্রেণির (K-12) শিক্ষার্থীরা ইংরেজি শিক্ষার্থী (English learners) কি না। একজন ইংরেজি শিক্ষার্থী হলো এমন একজন ছাত্র বা ছাত্রী যাকে আনুষ্ঠানিকভাবে চিহ্নিত করা হয়েছে যে, ইংরেজিতে পাঠ্যক্রম বা পড়াশোনায় সফলভাবে অংশ নেওয়ার জন্য তার ভাষাগত সহায়তা প্রয়োজন।

## আমার সন্তান কেন WIDA Screener দিচ্ছে?

আপনি একটি সমীক্ষায় অংশ নিয়েছিলেন এবং বাড়িতে আপনারা কোন ভাষা ব্যবহার করেন সে সম্পর্কিত প্রশ্নের উত্তর দিয়েছিলেন। আপনার উত্তরের ওপর ভিত্তি করে, আপনার সন্তানের শিক্ষকদের মনে হয়েছে যে আপনার সন্তান হয়তো একজন ইংরেজি শিক্ষার্থী। আপনার সন্তান একজন ইংরেজি শিক্ষার্থী কি না তা নিশ্চিত করতে সে WIDA Screener পরীক্ষাটি দেবে।

## WIDA Screener পরীক্ষার ফলাফল কীভাবে ব্যবহৃত হয়?

আপনার সন্তান একজন ইংরেজি শিক্ষার্থী কি না, তা সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য আপনার সন্তানের শিক্ষকরা WIDA Screener পরীক্ষার ফলাফল ব্যবহার করেন।

## WIDA Screener পরীক্ষাটি কতক্ষণ চলে?

পরীক্ষাটি শেষ করতে ৮০ মিনিট পর্যন্ত সময় লাগতে পারে, যদিও শিক্ষার্থীদের ব্যক্তিগত প্রয়োজন এবং তাদের দক্ষতার স্তরের ওপর ভিত্তি করে পরীক্ষার সময় ভিন্ন হতে পারে। WIDA Screener পরীক্ষার প্রশ্নগুলো চারটি ভাষা ক্ষেত্র (শোনা, পড়া, বলা, লেখা) কভার করে

১ম থেকে দ্বাদশ শ্রেণির বেশির ভাগ শিক্ষার্থী একটি অনলাইন পরীক্ষা দেয় (আপনার রাজ্যের নীতিমালার ওপর নির্ভর করে)। কিন্ডারগার্টেনের জন্য WIDA Screener হলো একটি ছোট কাগজ-কলমের পরীক্ষা।



WIDA
UNIVERSITY OF WISCONSIN–MADISON

WIDA is housed within the Wisconsin Center for Education Research at the University of Wisconsin–Madison.
© 2025 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA

## WIDA Screener-এর জন্য প্রস্তুতি

- WIDA Screener-এর জন্য আপনার সন্তানের পড়াশোনা বা মুখস্থ করার প্রয়োজন নেই।
- পরীক্ষার দিনে আপনার সন্তানের উচিত তার সেরাটা দেওয়ার দিকে মনোযোগ দেওয়া, যাতে সে দেখাতে পারে যে সে কতভাবে ইংরেজি বুঝতে এবং যোগাযোগ করতে পারে।
- পরীক্ষার ফলাফল কখন পাবেন এবং আপনার সন্তানের স্কুল কীভাবে সেই ফলাফল ব্যবহার করবে, সে বিষয়ে আপনার সন্‌তানের শিক্‌ষকদের সাথে কথা বলুন।

## যদি আপনার সন্তান একজন ইংরেজি শিক্ষার্থী হয়, তাহলে এখানে কিছু প্রশ্ন দেওয়া হলো যা আপনি তাদের শিক্ষকদের করতে পারেন



- আমার সন্তান স্কুলে কী ধরনের ইংরেজি ভাষা সহায়তা পরিষেবা পাবে?
- আপনারা স্কুলে শিশুদের ভাষা এবং সংস্কৃতিকে কীভাবে অন্তর্ভুক্ত করেন?
- আমার পরিবার বাড়িতে আমাদের সন্তানের ভাষার বিকাশে কীভাবে সহায়তা করতে পারে?
- আমার সন্তান কখন ইংরেজি ভাষা সহায়তা পাওয়া বন্ধ করবে?


WIDA is housed within the Wisconsin Center for Education Research at the University of Wisconsin–Madison.
© 2025 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA